

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.moca.gov.bd)

নং-৪৩.০০.০০০০.১১৩.২৪.০২৯.১৪ (অংশ-১)- / ৩৬

তারিখ: ২৩ জানুয়ারি ২০১৭

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : '৪১- তম আন্তর্জাতিক কলকাতা পুস্তকমেলা ২০১৭'এ অংশগ্রহণের বিষয়ে সরকারি আদেশ জারিকরণ।


মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানাচ্ছি যে, ৪১-তম আন্তর্জাতিক কলকাতা পুস্তকমেলায় ০৫-০২-২০১৭ তারিখে 'বাংলাদেশ দিবস' উদযাপিত হবে। উক্ত দিবসের সেমিনারের আলোচ্য বিষয় 'বাংলাদেশের কবিতা'। কলকাতা পুস্তক মেলায় আয়োজিতব্য 'বাংলাদেশ দিবস' এর সেমিনারে বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণের জন্য ড. কামাল আবদুল নাসের চৌধুরী, মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়কে নিম্নবর্ণিত শর্তাধীনে আগামী ০৪-০৬ ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত (যাতায়াত সময় ব্যতীত) ভারত ভ্রমণে সরকারি অনুমোদন জ্ঞাপন করছি:

শর্তাবলী:

- (ক) এ কর্মসূচির অনুমোদিত সময় এবং ভ্রমণ ও ট্রানজিটের জন্য ব্যয়িত সময় কর্তব্যকাল হিসেবে গণ্য হবে;
- (খ) ৪১-তম আন্তর্জাতিক কলকাতা পুস্তকমেলায় অংশগ্রহণের ব্যয় জাতীয় গ্রন্থকেন্দ্রের জাতীয় গ্রন্থদিবস খাত হতে (কোড নং-৩-৩৪০৫-৩৯৬৮-৫৯০১) মেটানো হবে;
- (গ) তিনি স্থানীয় মুদ্রায় ভাতাদি গ্রহণ করবেন। ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় পাবেন না;
- (ঘ) তিনি অনুমোদিত সময়ের অতিরিক্ত বিদেশে অবস্থান করবেন না।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(টি এম মুছা তালুকদার)
সহকারী সচিব
ফোন: ৯৫৭২১৯০

নং-৪৩.০০.০০০০.১১৩.২৪.০২৯.১৪ (অংশ-১) - / ৩৬

তারিখ: ২৩ জানুয়ারি ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ড. কামাল আবদুল নাসের চৌধুরী, মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা। Note Verbale ইস্যুর অনুরোধসহ।
৬. মান্যবর হাইকমিশনার, ভারতীয় হাইকমিশন, গুলশান-১, ঢাকা/ বাংলাদেশ হাইকমিশন, নয়া দিল্লী, ভারত।
৭. উপ-হাইকমিশনার, বাংলাদেশ উপ-হাইকমিশন, কলকাতা, ভারত।
৮. মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।
৯. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র / হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১০. সচিব এঁর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
১১. হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(টি এম মুছা তালুকদার)
সহকারী সচিব